

সরকারের নীতিগত সিদ্ধান্ত
এসএসসি ও এইচএসসি'র
সিলেবাসে তথ্যপ্রযুক্তি
অন্তর্ভুক্ত হচ্ছে

স্টাফ রিপোর্টার

এসএসসি ও এইচএসসি সিলেবাসে ব্যবহারিক বিষয় হিসেবে তথ্যপ্রযুক্তি অন্তর্ভুক্ত হতে যাচ্ছে। শিক্ষা কারিকুলামে তথ্যপ্রযুক্তি বিষয়ক পাঠ্যসূচী অন্তর্ভুক্ত করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। আগামী ৭ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টার কার্যালয়ে উচ্চ পর্যায়ের বৈঠকে এ বিষয়টি অনুমোদনের সভাবনা রয়েছে। জানা গেছে, বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব শেখ মোঃ ওয়াহিদুজ্জামান গত জুন মাসে এসএসসি ও এইচএসসি'র

এসএসসি ও এইচএসসি'র

এইচএসসি'র সিলেবাসে তথ্যপ্রযুক্তি বিষয়কে অন্তর্ভুক্ত করার জন্য প্রধান উপদেষ্টার কাছে হিত প্রদান করেন। সচিবের এ হিতের প্রেক্ষিতে গত ১১ আগস্ট প্রধান উপদেষ্টার সভাপতিত্বে তথ্য যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক জাতীয় টেকনোলজির ৩৪ সভায় এ বিষয়টি আলোচনা হয়। সভায় আইটি বিশেষজ্ঞ মোস্তফা আকতার হলেন, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে তথ্যপ্রযুক্তি বিষয়ক পাঠ্যসূচী এখনও হালনাগাদ করা হয়নি। ফলে শিক্ষার্থীরা উপযুক্ত তথ্য ও প্রযুক্তি বিষয়ে জ্ঞানলাভ থেকে বঞ্চিত হচ্ছে। তিনি শিক্ষা কারিকুলামে তথ্যপ্রযুক্তি বিষয়ক পাঠ্যসূচী হালনাগাদ করার তাগিদ দেন। ওই সভায় এসএসসি ও এইচএসসি পর্যায়ে সিলেবাসে তথ্যপ্রযুক্তি বিষয় অন্তর্ভুক্ত করার নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। একই সাথে আগামী এক মাসের মধ্যে এসএসসি ও এইচএসসি পর্যায়ে শিক্ষা কারিকুলামে তথ্যপ্রযুক্তি বিষয়ক পাঠ্যসূচী হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা গ্রহণ পূর্বক প্রতিবেদন আবেদন করা বলা হয়।